NIS-১.১ (২য় কোয়ার্টার)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
কমন সার্ভিস শাখা
www.bsb.gov.bd

নম্বর ২৪.০৬.০০০০.০০৭.০৬.০০২.২২.৮৮

তারিখ: ১১-১০-২০২২ইং

## নোটিশ

বিষয়: **নৈতিকতা কমিটির সভা সংক্রান্ত**

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ডের ২০২২-২৩ অর্থ বছরের "জাতীয় শুদ্ধাচার কৌশল" কর্ম-পরিকল্পনার ২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর/২০২২) এর বাস্তবায়ন অগ্রগতির লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে নৈতিকতা কমিটির সভা আগামী ১১-১০-২০২২ তারিখ বেলা ২.৩০ ঘটিকায় বোর্ডের মিনিকনফারেন্স কক্ষে মহাপরিচালক মহোদয়ের সভাপতিতে অনুষ্ঠিত হবে। উক্ত সভায় কমিটির সকল সদস্যদের স্বাস্থ্যবিধি মেনে যথাসময়ে উপস্থিত থাকার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১১/১০/২২

মোহাম্মদ এমদাদুল বারী
পরিচালক প্রশাসন (অতিরিক্ত দায়িত্ব)
ফোন: ০২৫৮৮৮-৫৫৮১৬

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) পরিচালক (অর্থ ও পরিকল্পনা)/(সম্প্রসারণ)/(প্রশাসন)/(উৎপাদন ও বিপণন)/(গবেষণা ও প্রশিক্ষণ), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
২) প্রধান উৎপাদন ও বিপণন কর্মকর্তা/প্রধান সম্প্রসারণ কর্মকর্তা/প্রধান পরিকল্পনা কর্মকর্তা/প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।
৩) নির্বাহী প্রকৌশলী, উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ শাখা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
৪) উপ-প্রধান নিরীক্ষক, নিরীক্ষা বিভাগ, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
৫) জনসংযোগ কর্মকর্তা, জনসংযোগ বিভাগ, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
৬) পি এ টু-মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।
৭) কেয়ার টেকার, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী। সভাকক্ষ রাখার জন্য বলা হলো।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বস্ত্র ও পাট মন্ত্রণালয়
বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
প্রশাসন শাখা

"জাতীয় শুদ্ধাচার কৌশল" কর্ম-পরিকল্পনার ২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর/২০২২) এর বাস্তবায়ন অগ্রগতির লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে নৈতিকতা কমিটির সভার কার্যবিবরণী

---

| | |
|---|---|
| সভাপতি | শ্যাম কিশোর রায়<br>মহাপরিচালক |
| সভার তারিখ | ১১-১০-২০২২ খ্রি: |
| সভার সময় | বেলা ২:৩০ ঘটিকা |
| স্থান | বোর্ডের সভাকক্ষ |
| উপস্থিতি | পরিশিষ্ট "ক" |

সভার শুরুতে সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি বর্তমানে করোনা ভাইরাস সংক্রমণ কম হলেও সকলকে ঘরের বাইরে মাক্স ব্যবহার এবং সামাজিক দুরত্ব মেনে চলার নির্দেশ প্রদান করেন । বিশেষ করে বিদ্যুৎ ও জ্বালানী সাশ্রয়ে সকলকে সরকারি নির্দেশনা অনুসরণের জন্য বলেন। অত:পর তিনি সভা পরিচালনার জন্য পরিচালক (প্রশাসন) কে অনুরোধ করেন।

পরিচালক (প্রশাসন) উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে ২০২২-২৩ অর্থ বছরের কর্মপরিকল্পনায় অন্তর্ভূক্ত ২য় কোয়ার্টারে উল্লিখিত প্রতিটি বিষয়/কার্যক্রমের নাম, কর্মসম্পাদন সূচক, সূচকের মান, একক, বাস্তবায়নের দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি/পদ এবং বাস্তবায়নের লক্ষ্যমাত্রা সভায় উপস্থাপন করেন।

তিনি বলেন, ১.৩ এর আলোকে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে ৪ (চার) কোয়ার্টারে ৪টি সভা আয়োজনের লক্ষ্যমাত্রা আছে। ১ম কোয়ার্টারের লক্ষ্যমাত্রা বাস্তবায়ন করা হয়েছে। ২য় কোয়ার্টারে উপপরিচালক রংপুরকে সভা আয়োজন করার জন্য পত্র দেয়া হয়েছে। সভাগুলিতে আবশ্যিকভাবে সিটিজেনস চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য অধিকার আইন সম্পর্কে আলোচনা করতে হবে। সুধীজন ও বোর্ডের স্টেক হোল্ডারদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে।

১.৫ এ মহিলাদের জন্য পৃথক ওয়াসরুমের ব্যবস্থা করতে হবে। ১.৬ এ আওতাধীন মাঠ পর্যায়ের কার্যালয় (প্রযোজ্য ক্ষেত্রে) কর্তৃক দাখিলকৃত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ত্রৈমাসিক অগ্রগতি প্রতিবেদনের ওপর ফিডব্যাক ২৫-১০-২০২২ তারিখ লক্ষ্যমাত্রা নির্ধারিত রয়েছে যা নির্ধারিত তারিখের মধ্যে সম্পন্ন করা হবে।

২.২ এর আলোকে বার্ষিক ক্রয় পরিকল্পনার লক্ষ্যমাত্রা অনুযায়ী যথাযথ বাস্তবায়ন করতে হবে।

২.৩ এর বাজেট বাস্তবায়ন হিসাব বিভাগ (রাজস্ব ২০%) এবং প্রকল্প পরিচালক (উন্নয়ন ২০%) লক্ষ্যমাত্রা রয়েছে। পরিচালক প্রশাসন এ বিষয় বলেন, ১ম কোয়ার্টারে ১ম কিস্তির বাজেট মন্ত্রণালয় হতে দেরীতে ছাড়ের করণে ২.২ ও ২৩ এর লক্ষ্যমাত্রা ১০০% বাস্তবায়ন হয়নি। সভাপতি বলেন, ১ম কোয়ার্টারসহ ২য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা বাস্তবায়ন করতে হবে।

২.৪ এর প্রেক্ষিতে বোর্ডের চলমান প্রকল্পের PIC সভার আয়োজন করতে হবে এবং সভার নোটিশ, হাজিরা ও কার্যবিবরণী সংযুক্ত থাকতে হবে।

৩.২ অনুযায়ী দুর্নীতি প্রতিরোধ বিষয়ক কর্মশালাটি আগামী নভেম্বর/২০২২ মাসের মধ্যে সম্পন্ন করা হবে।

৩.৩ প্রশিক্ষণপ্রাপ্ত চাষী /বসনীদের তথ্য যাচাই: এ বিষয় পরিচালক সম্প্রসারণ বলেন, বোর্ডের চলমান তিনটি প্রকল্পের মধ্যে অত্র ২য় কোয়ার্টারে রেশম চাষ সম্প্রসারণের মাধ্যমে বৃহত্তর রংপুর জেলার দারিদ্র হ্রাসকরণ শীর্ষক প্রকল্পের আওতায় প্রদত্ত প্রশিক্ষণ প্রকৃত চাষী/বসনীগনকে দেয়া হচ্ছে কি না তা দৈবচয়ন ভিত্তিতে ব্যাচ নির্বাচন করে নির্বাচিত ব্যচের ২৫ জন প্রশিক্ষণার্থীর তথ্য সরজমিনে যাচাই করা হবে।

৩.৪ মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস এর মাধ্যমে রেশম গুটির মূল্য পরিশোধ: মৌসুম ভিত্তিক রেশম গুটির মূল্য পরিশোধের তালিকা থেকে দৈবচয়ন ভিত্তিতে নির্বাচিত ২০জন চাষী/বসনীর সাথে মোবাইলফোনে যোগাযোগ করে টাকা প্রাপ্তির সত্যতা যাচাই করা হবে। ৩.৩ ও ৩.৪ এর বিষয় ৩০নভেম্বর/২২ তারিখের মধ্যে কার্যক্রম গ্রহণ পূর্বক প্রতিবেদন দেয়ার জন্য পরিচালক সম্প্রসারণকে পত্র দেয়া হয়েছে

বিস্তারিত আলোচনান্তে নিম্নরুপ সিদ্ধান্ত গৃহীত হয়।

**সিদ্ধান্ত:**

(১) ১.৩ সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (stakeholders) অংশগ্রহণে সভা করতে হবে। সভায় আবশ্যিকভাবে সিটিজেনস চার্টার, অভিযোগ প্রতিকার ব্যবস্থাপনা এবং তথ্য অধিকার আইন সম্পর্কে আলোচনা করতে হবে এবং সুধীজন, রেশম চাষীসহ স্টেক হোল্ডারদের অংশগ্রহণ নিশ্চিত করতে হবে

বাস্তবায়নে: সম্প্রসারণ বিভাগ ও উপপরিচালক রংপুর।

(২) ১.৫ ডিসেম্বর/২২ এর মধ্যেই আবশ্যিকভাবে মহিলাদের জন্য পৃথক ওয়াসরুমের ব্যবস্থাসহ ওয়াসরুমের সর্বোত্তম সুযোগ সুবিধা নিশ্চত করতে হবে।

বাস্তবায়নে: সংশ্লিষ্ট কমিটি।

(৩) ৩.৩ প্রশিক্ষণপ্রাপ্ত চাষী /বসনীদের তথ্য যাচাইকরণ। রেশম চাষ সম্প্রসারণের মাধ্যমে বৃহত্তর রংপুর জেলার দারিদ্র হ্রাসকরণ শীর্ষক প্রকল্পের আওতায় প্রদত্ত প্রশিক্ষণ প্রকৃত চাষী/বসনীগনকে দেয়া হচ্ছে কি না তা দৈবচয়ন ভিত্তিতে ব্যাচ নির্বাচন করে নির্বাচিত ব্যচের ২৫ জন প্রশিক্ষণার্থীর তথ্য সরজমিনে যাচাইঅন্তে প্রমাণকসহ প্রতিবেদন প্রশাসন বিভাগে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নে: সম্প্রসারণ বিভাগ

(৪) ৩.৪ মোবাইল ফাইন্যান্সিয়াল সার্ভিস এর মাধ্যমে রেশম গুটির মূল্য পরিশোধের তালিকা থেকে দৈবচয়ন ভিত্তিতে নির্বাচিত ২০জন চাষী/বসনীর সাথে মোবাইলফোনে যোগাযোগ করে টাকা প্রাপ্তির সত্যতা যাচাইঅন্তে প্রমাণকসহ প্রতিবেদন প্রশাসন বিভাগে প্রেরণ করতে হবে।

বাস্তবায়নে: সম্প্রসারণ বিভাগ ও হিসাব বিভাগ

এছাড়াও ২০২২-২৩ অর্থ বছরের জাতীয় শুদ্ধাচার কর্মপরিকল্পনায় উল্লেখিত ২য় কোয়ার্টারের লক্ষ্যমাত্রা স্ব স্ব বাস্তবায়নকারী বাস্তবায়ন করে প্রতিবেদনসহ গ্রহণযোগ্য প্রমাণক কার্যক্রমের নং উল্লেখ্য পূর্বক যথাসময়ে প্রশাসন বিভাগে প্রেরণের জন্য অনুরোধ জানানো হয়। অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কাজ শেষ করেন।

শ্যাম কিশোর রায়
মহাপরিচালক

স্মারক নম্বর: ২৪.০৬.০০০০.০০৭.০৬.০০২.২২.৪১৭

তারিখ: ৭ কার্তিক ১৪২৯
২৩ অক্টোবর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) পরিচালক (অর্থ ও পরিকল্পনা)/(প্রশাসন)/(সম্প্রসারণ)/(উৎপাদন ও বিপণন)/(গবেষণা ও প্রশিক্ষণ), বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।

২) প্রধান উৎপাদন ও বিপণন কর্মকর্তা/প্রধান সম্প্রসারণ কর্মকর্তা/প্রধান পরিকল্পনা কর্মকর্তা/প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।

৩) নির্বাহী প্রকৌশলী/উপ প্রধান নিরীক্ষক/উপ-প্রধান সম্প্রসারণ কর্মকর্তা/উপ-পরিচালক(বীজ)/উপ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।

৪) উপপরিচালক, আঞ্চলিক রেশম সম্প্রসারণ কার্যালয়, রাজশাহী, রংপুর, ঝিনাইদহ, ঢাকা, রাঙামাটি।

৫) জনসংযোগ কর্মকর্তা/সহকারী পরিচালক (প্রশা/কসা)/হিসাব রক্ষণ কর্মকর্তা/বাজেট কর্মকর্তা/গবেষণা কর্মকর্তা (পরি)/সম্প্রসারণ কর্মকর্তা/গবেষণা কর্মকর্তা (ল্যাবঃ)/সহকারী পরিচালক(মনিটরিং)/উৎপাদন কর্মকর্তা, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী।

৬) পি এ টু-মহাপরিচালক, বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী। মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য।

মোহাম্মদ এমদাদুল বারী
পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড
রাজশাহী।

১১-১০ ২০২২ খ্রিঃ তারিখ বেলা ২:৩০ ঘটিকায় মহাপরিচালক মহোদয়ের সভাপতিত্বে বোর্ডের মিনি কনফারেন্স কক্ষে অনুষ্ঠিত জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ২য় কোয়ার্টার (অক্টোবর-ডিসেম্বর/২২) এর নৈতিকতা কমিটির সভায় উপস্থিত কর্মকর্তাদের হাজিরা।

| ক্র: নং | কর্মকর্তাগণের নাম ও পদবী | স্বাক্ষর ও তারিখ |
|---|---|---|
| ১ | ২ | ৩ |
| ১ | পরিচালক (অর্থ ও পরিকল্পনা)<br>পরিকল্পনা বিভাগ<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | [স্বাক্ষর] ১১/১০/২২ |
| ২ | পরিচালক (প্রশাসন) (অঃ দাঃ)<br>প্রশাসন বিভাগ<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | [স্বাক্ষর] ১১/১০/2022 |
| ৩ | পরিচালক (উৎপাদন ও বিপণন)<br>উৎপাদন ও বিপণন বিভাগ<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | [স্বাক্ষর] ১১/১০/22 |
| ৪ | পরিচালক (সম্প্রসারণ)<br>সম্প্রসারণ বিভাগ<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | |
| ৫ | পরিচালক (গবেষণা ও প্রশিক্ষণ) (অতিরিক্ত দায়িত্ব)<br>বাংলাদেশ রেশম গবেষণা ও প্রশিক্ষণ ইনস্টিটিউট | [স্বাক্ষর] ১১/১০/22 |
| ৬ | প্রধান উৎপাদন ও বিপণন কর্মকর্তা (অঃ দাঃ)<br>উৎপাদন ও বিপণন<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড, রাজশাহী। | |
| ৭ | প্রধান সম্প্রসারণ কর্মকর্তা (অঃ দাঃ)<br>সম্প্রসারণ বিভাগ<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | [স্বাক্ষর] ১১/১০/২২ |
| ৮ | প্রধান পরিকল্পনা কর্মকর্তা (অঃ দাঃ)<br>পরিকল্পা বিভাগ<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | [স্বাক্ষর] ১১/১০/22 |
| ৯ | প্রধান হিসাব রক্ষণ কর্মকর্তা (অঃ দাঃ)<br>হিসাব বিভাগ<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | [স্বাক্ষর] ১১/১০/২০22 |
| ১০ | নির্বাহী প্রকৌশলী<br>উন্নয়ন ও রক্ষণাবেক্ষণ শাখা<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | |
| ১১ | উপ-প্রধান নিরীক্ষা কর্মকর্তা (অঃ দাঃ)<br>নিরীক্ষা বিভাগ<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | [স্বাক্ষর] ১১/১০/২০22 |
| ১২ | জনসংযোগ কর্মকর্তা<br>জনসংযোগ বিভাগ<br>বাংলাদেশ রেশম উন্নয়ন বোর্ড | [স্বাক্ষর] ১১.১০.২০22 |